

নং. 20.1

## এক্সিকিউটিভ অর্ডার

### নিউ ইয়র্ক স্টেটে মাস্কি পক্স ভাইরাস ক্রমাগতভাবে ছড়িয়ে পড়ার কারণে স্টেটব্যাপী ঘোষিত দুর্যোগকালীন জরুরি অবস্থা অব্যাহত রাখা

**যেহেতু**, 2022 সালের 23 জুলাই বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization, WHO) দ্বারা মাস্কি পক্স ভাইরাস আন্তর্জাতিক উদ্বেগ সৃষ্টিকারী জনস্বাস্থ্য সংক্রান্ত একটি জরুরি অবস্থা (Public Health Emergency of International Concern) হিসেবে ঘোষিত হয়েছে;

**যেহেতু**, মাস্কি পক্স ভাইরাস ছড়িয়ে পড়া অব্যাহত রয়েছে এবং মানব স্বাস্থ্যের প্রতি এই ভাইরাস উল্লেখযোগ্য ঝুঁকি হয়ে দেখা দিয়েছে, 28 জুলাই, 2022 তারিখে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার মাস্কি পক্স ভাইরাসকে জনস্বাস্থ্যের প্রতি আসন্ন হুমকি হিসেবে ঘোষণা করেছেন;

**যেহেতু**, নিউ ইয়র্কে এখন দেশের মধ্যে সংক্রমণের অন্যতম সর্বোচ্চ হার দেখা যাচ্ছে, যেখানে 26 আগস্ট, 2022 তারিখ পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে 3124টি কেস রিপোর্ট করা হয়েছে;

**যেহেতু**, স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলো তদন্তে সহায়তা, সংস্পর্শ শনাক্তকরণ ও তদারকি, সংস্পর্শে আসা ব্যক্তিদের টিকা প্রদান এবং বর্তমানে উচ্চ-ঝুঁকিপূর্ণ জনসংখ্যা, এবং শিক্ষা ও প্রচার প্রক্রিয়ার ব্যাপারে মনোযোগী হওয়ার মাধ্যমে মাস্কি পক্স প্রাদুর্ভাবের প্রতি সক্রিয়ভাবে সাড়া দান করছে;

**যেহেতু**, মাস্কি পক্সের টিকা প্রদান ও পরীক্ষার ব্যবস্থা করার জন্য এবং ভাইরাস সংক্রমণ প্রতিরোধ করার জন্য মিউনিসিপ্যালিটি, স্থানীয় এলাকা, ও কাউন্টিগুলির প্রচেষ্টায় নিউ ইয়র্ক স্টেট সরকারকে অবশ্যই সহায়তা দিতে হবে;

**সুতরাং, এখন**, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসমূহ অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ব বলে, এই মর্মে নির্বাহী আদেশ 20 এ বর্ণিত স্টেটজুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থার মেয়াদ সম্প্রসারণ করছি, এবং নির্বাহী আদেশ 20 এ বর্ণিত মেয়াদ, শর্ত, ও স্থগিতাদেশ 27 সেপ্টেম্বর, 2022 তারিখ পর্যন্ত বহাল রাখছি; এবং

**অধিকন্তু**, নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 29-a অনুযায়ী, স্টেটব্যাপী দুর্যোগজনিত জরুরি অবস্থা চলাকালীন সময়ে, কোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধান, বা বিধিমালা মেনে চলা যদি দুর্যোগকালীন জরুরি পরিস্থিতির সাথে মানিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলোকে প্রতিরোধ করে, বাধাগ্রস্ত করে, অথবা

বিলম্বিত করে, অথবা যদি সেই দুর্যোগের সাথে মানিয়ে নিতে সহায়তা করার জন্য আবশ্যিক হয়, তাহলে উক্ত আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধান, বা বিধিমালা, অথবা এর অংশবিশেষ সাময়িকভাবে স্থগিত বা পরিবর্তন করার জন্য আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, আমি এই মর্মে এই নির্বাহী আদেশের তারিখ থেকে 27 সেপ্টেম্বর, 2022 তারিখ পর্যন্ত নিম্নলিখিতগুলো সাময়িকভাবে স্থগিত বা পরিবর্তন করছি:

- নিম্নলিখিত উদ্দেশ্য পূরণের জন্য অপরিহার্য ব্যাপ্তি অনুযায়ী বিমা আইনের সেকশন 3216(i)(17)(E), 3221(l)(8)(E), ও 4303(j)(3): (1) গ্র্যান্ডফাদার হেলথ প্ল্যানের জন্য এবং রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention) অ্যাডভাইজরি কমিটি অন ইমিউনাইজেশন প্র্যাকটিস (Advisory Committee on Immunization Practice, "ACIP")-এর সুপারিশের আওতাধীন নয় এমন ব্যক্তিদের জন্য নেটওয়ার্কের অভ্যন্তরে ও নেটওয়ার্কের বাইরে মাস্কিপক্স ভাইরাসের টিকা গ্রহণ ও প্রদানের জন্য কোনো ধরনের কো-পেমেন্ট, কো-ইন্সুরেন্স, বা বার্ষিক ডিডাক্টিবল ব্যতিরেকে কভারেজ আবশ্যিক করতে; এবং (2) ACIP-এর সুপারিশের আওতাধীন ব্যক্তিদের জন্য নেটওয়ার্কের বাইরে এই টিকা গ্রহণ ও প্রদানের ক্ষেত্রে কো-পেমেন্ট, কো-ইন্সুরেন্স, ও বার্ষিক ডিডাক্টিবল মওকুফ করতে;
- নিম্নলিখিত ক্ষেত্রগুলোতে কো-পেমেন্ট, কো-ইন্সুরেন্স, ও বার্ষিক ডিডাক্টিবল মওকুফ করার জন্য অপরিহার্য ব্যাপ্তি অনুযায়ী বিমা আইনের সেকশন 3221(h) ও (l)(3), 4303(e)(1), (f)(1), ও (ll), এবং 4328 (b)(1): (1) মাস্কিপক্স ভাইরাস নির্ণয় করতে নেটওয়ার্কের অভ্যন্তরে ল্যাবরেটরি পরীক্ষার জন্য; এবং (2) টেলিহেলথ ব্যবহার করা সহ, নিম্নলিখিত স্থানগুলোতে মাস্কিপক্স ভাইরাস নির্ণয় করতে ভিজিট করার ক্ষেত্রে: নেটওয়ার্কের অভ্যন্তরে কোনো সেবা প্রদানকারীর কার্যালয়, নেটওয়ার্কের অভ্যন্তরে কোনো জরুরি সেবা কেন্দ্র, মাস্কিপক্স রোগ নির্ণয় করতে সক্ষম নেটওয়ার্কের অভ্যন্তরীণ অন্য যেকোনো বহির্বিভাগের রোগীদের সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, অথবা কোনো হাসপাতালের জরুরি বিভাগ, তবে শর্ত থাকে যে, আইন অনুযায়ী অনুমোদিত ক্ষেত্রে, যেকোনো ফলোআপ সেবা প্রদান অথবা মাস্কিপক্স ভাইরাসের চিকিৎসার জন্য, যেমন হাসপাতালে ভর্তি হওয়া রোগীকে সেবা প্রদানের জন্য, প্রযোজ্য আইন বা চুক্তি অনুযায়ী কো-পেমেন্ট, কো-ইন্সুরেন্স, ও বার্ষিক ডিডাক্টিবল আরোপ করা হতে পারে, এবং আইন অনুযায়ী অন্যথায় আবশ্যিক হলে অভ্যন্তরীণ রাজস্ব বিধিমালার সেকশন 223(c)(2) অনুযায়ী উচ্চ ডিডাক্টিবলবিশিষ্ট হেলথ প্ল্যানের জন্য ডিডাক্টিবল প্রযোজ্য হতে পারে।

এই দুই হাজার বাইশ সালের আগস্ট

মাসের আঠাশ তারিখে

আলবানি সিটিতে আমার

হাতে এবং স্টেটের প্রাইভি

সিলমোহর ব্যবহার করে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব